



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।

Phone & Fax : 8802589932064 Mobile : 01321228700, 01740416817, E-mail : thakurgaon_govt_college@yahoo.com
Website : www.tgc.edu.bd, EIIN No : 129305, College code : Education board-8250, NU-3502

বিজ্ঞপ্তি

তারিখ : ০৬/০২/২০২৫ খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (পাস ও অনার্স) শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রী শিক্ষা সহায়তা ট্রাস্ট উপবৃত্তি শাখা হতে আর্থিক অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের ভর্তি সহায়তা প্রদান করা হবে। আত্রহী সংশ্লিষ্ট শিক্ষার্থীদের আগামী ০৬/০২/২০২৫ তারিখ হতে ২৭/০২/২০২৫ তারিখ পর্যন্ত রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত <https://www.eservice.pmeat.gov.bd/admission> সফটওয়্যারে এই লিংকে ভর্তি ব্যবস্থাপনা পদ্ধতির মাধ্যমে অনলাইনে প্রবেশ করে আবেদন করা যাবে।


আবেদনপত্রের শর্তাবলী :

- ১। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ওয়েবসাইটের ভর্তি সহায়তা সেবা বক্সে আপলোডকৃত নির্ধারিত প্রত্যয়ন ফর্ম ডাউনলোড ও প্রিন্ট করে ভর্তিকৃত বিভাগের বিভাগীয় প্রধানের নিকট থেকে সুপারিশ গ্রহণপূর্বক অনলাইনে আবেদনের সময় আপলোড করতে হবে।
- ২। প্রজাতন্ত্রের বেসামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি-আধাসরকারি-স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত 'জাতীয় বেতন স্কেল, ২০১৫' অনুযায়ী ১৩ থেকে ২০ তম গ্রেডের সকল কর্মচারীর সন্তানগণকে আবেদনপত্রের সাথে অফিস প্রধান কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/অভিভাবকের বেতনের ছেড সংক্রান্ত প্রত্যয়ন সংযুক্ত করতে হবে। এছাড়া, অন্যান্য শিক্ষার্থীর ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় দুই লক্ষ টাকার কম মর্মে প্রত্যয়নপত্র আপলোড করতে হবে।
- ৩। প্রতিবন্ধী শিক্ষার্থী, এতিম শিক্ষার্থী, ভূমিহীন পরিবারের সন্তান, নদী ভাঙ্গন পরিবারের সন্তান, অসচ্ছল বীর মুক্তিযোদ্ধার সন্তান, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত এবং দুস্থ পরিবারের সন্তান ভর্তি সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার প্রাপ্তির স্বপক্ষে প্রমাণপত্র আপলোড করতে হবে।
- ৪। স্নাতক (পাস ও অনার্স) শ্রেণিতে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের ভর্তিকৃত অধ্যয়নরত ১ম বর্ষের অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তার আবেদনের সাথে সর্বশেষ যে শ্রেণি বা পরিক্ষায় উত্তীর্ণ হয়েছে তার সত্যায়িত নম্বরপত্র আপলোড করতে হবে।
- ৫। ভর্তি সহায়তা প্রদানের নিমিত্ত শিক্ষার্থী নির্বাচনের লক্ষ্যে সফটওয়্যারে তথ্য এন্ট্রির ক্ষেত্রে শিক্ষার্থীদের আবেদন ফরমে অভিভাবক/শিক্ষার্থীদের একাউন্ট নম্বর হিসেবে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস হিসেব শুধুমাত্র সচল 'নগদ; একাউন্ট নম্বর এন্ট্রি করতে হবে।


অধ্যক্ষ

ঠাকুরগাঁও সরকারি কলেজ

ঠাকুরগাঁও।


০৬/০২/২৫